করোনা মোকাবেলায় চিকিৎসক-নার্সদের বেতন দ্বিগুণ করল ভারত

প্রাণঘাতী করোনা মোকাবেলায় জীবন বাজি রেখে লড়াই করা চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের বেতন দ্বিগুন করেছে ভারতের হরিয়ানা রাজ্য সরকার।

শুক্রবার হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহরলাল খাট্টর এ ঘোষণা দিয়েছেন বলে জিনিউজ জানিয়েছে।

একটি বিবৃতিতে তিনি জানিয়েছেন, যতদিন এই পরিস্থিতি থাকবে, যতদিন করোনার বিরুদ্ধে লড়াই জারি থাকবে, দ্বিগুণ বেতন পাবেন করোনা চিকিৎসায়রত চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীরা।

মুখ্যমন্ত্রী আরও বলেন, চিকিত্সকদের পরই যাদের কথা এই লড়াইয়ে মাথায় আসে, তারা হলেন পুলিশকর্মী। হরিয়ানা সরকার তাদের জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে।

মনোহরলাল খাট্টর জানিয়েছেন, কর্তব্যরত অবস্থায় কোনো পুলিশকর্মীর মৃত্যু হলে, ৩০ লাখ টাকার বীমা দেয়া হবে তার পরিবারকে।

এর আগে পাঞ্জাব সরকারও পুলিশ ও সাফাইকর্মীদের জন্য ৫০ লাখ টাকার বীমা ঘোষণা করেছে।

প্রসঙ্গত ভারতে করোনা আক্রান্তের সংখ্যা ৬ হাজার ছুঁই ছুঁই। বৃহস্পতিবার বিকাল ৫টা পর্যন্ত আরও নতুন করে ৫৯১ জন কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হওয়ায় দেশে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৫ হাজার ৮৬৫।

গত ২৪ ঘণ্টায় ২০ জন প্রাণও হারিয়েছেন। তাতে দেশে করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু সংখ্যা এসে ঠেকেছে ১৬৯-এ।

কেন্দ্রীয় সরকারের পরিসংখ্যান অনুয়ায়ী পশ্চিমবঙ্গে এখনও পর্যন্ত ১০৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। যদিও রাজ্য সরকারের হিসাবে সংখ্যাটা ৮৩।

সূত্র -যুগান্তর